# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) আয়কর আইন এবং সামগ্রী ও সেবা কর ব্যাবস্থায় যথেষ্ট সংস্কার হয়েছে বলে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব প্রকাশ ।

(২) রাজ্য সরকারের দক্ষ চালক সৃষ্টির জন্য প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে চালক প্রশিক্ষন কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত ।

(৩) ১৯৬৪ সালের বিদেশী ন্যায়াধীকরণ আইন সম্পর্কে আগামী তিন ডিসেম্বরের মধ্যে কেন্দ্রীয় সরকারকে শপথনামা দাখিল করতে গৌহাটী হাইকোর্টের নির্দেশ ।

এবং

(৪) কাছাড় পুলিশের শিলচর বাইপাস সংলগ্ন আঁতালবস্তিতে অভিযান চালিয়ে প্রায় ১২ কোটি টাকা মূল্যের ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত ।

------------------------------------------------------------------------------------

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আয়কর আইন এবং সামগ্রী ও সেবা কর ব্যাবস্থায় যথেষ্ট সংস্কার হয়েছে বলে জানিয়েছেন । নতুনদিল্লীতে আয়োজিত পি এ এফ আই বার্ষিক মঞ্চে ভাষণ প্রসঙ্গে মন্ত্রী বলেন যে সামগ্রী সেবা কর পরিকাঠামোতে নতুন রূপ দেওয়া হয়েছে এবং এরফলে নিত্য ব্যাবহার্য ঘরোয়া সামগ্রী এবং কৃষিজাত সামগ্রীসমূহ বহনক্ষম হয়ে উঠেছে । সামগ্রীর মূল্য হ্রাস পেলে চাহিদা বৃদ্ধি পাবে বলে মন্ত্রী উল্লেখ করেন ।

------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন ই ভি এম ব্যালট পেপারের স্পষ্টতা এবং পড়ার সুবিধা বৃদ্ধি করার জন্য এর নক্সা এবং ছাপার ক্ষেত্রে থাকা পূর্বের নিয়মাবলী সংশোধন করেছে । নির্বাচনী প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করা এবং ভোটদাতার সুবিধার্থে নির্বাচন কমিশনের গত

ছ'মাসের গ্রহণ করা ২৮ টি পদক্ষেপের অংশ হিসেবে এই সংশোধন করা হয়েছে । এই অনুযায়ি ই ভি এম ব্যালট পেপারে প্রার্থীর রঙ্গীন ফটো ছাপা হবে যা স্পষ্টভাবে দেখা যাবে , ব্যালট পেপারের চারভাগের তিন অংশে প্রার্থীর ফটো থাকবে । পড়ার সুবিধার জন্য সব প্রার্থী এবং নোটার নাম একই ধরণের অক্ষরে ছাপা হবে । নতুন ইভিএম ব্যালট পেপার সমুহ আসন্ন বিহার বিধানসভা নির্বাচন থেকে ব্যবহার করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে । নির্বাচন কমিশন ইতিমধ্যে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারীকদের এই বিষয়ে পত্র প্রেরণ করেছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্য সরকার দক্ষ চালক সৃষ্টির জন্য প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে চালক প্রশিক্ষন কেন্দ্র স্থাপনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে । মন্ত্রীসভা এ সম্পর্কে শীঘ্র একটি প্রস্তাব গ্রহণ করবে বলে পরিবহন মন্ত্রী যোগেন মোহন জানিয়েছেন । হাউলীতে আজ রাজ্যের দ্বিতীয় চালক প্রশিক্ষণ কেন্দ্র এবং স্বয়ংক্রিয় ড্রাইভিং টেস্ট ট্রেক উদ্বোধন করে মন্ত্রী শ্রী মোহন বলেন যে সরকারের এই সিদ্ধান্তের ফলে যুব সমাজের জন্য কর্ম সংস্থাপনের নতুন পথ খুলে যাবে । এরফলে দূর্ঘটনা রোধ ,যানজটের সমস্যা ,তীব্র গতি এবং  মদ্যপান করে গাড়ী চালানো ইত্যাদি সমস্যাগুলিও হ্রাস পাবে বলে মন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------

১৯৬৪ সালের বিদেশী ন্যায়াধীকরণ আইনকে প্রত্যাহ্বান জানিয়ে দাখিল করা একটি জনস্বার্থজড়িত আবেদনের শুনানী গ্রহণ করে আজ গৌহাটী হাইকোর্ট এ সম্পর্কে আগামী তিন ডিসেম্বরের মধ্যে কেন্দ্রীয় সরকারকে শপথনামা দাখিল করার নির্দেশ দিয়েছে । অসম জাতীয়তাবাদী যুব ছাত্র পরিষদের প্রাক্তন উপ-সভাপতি পলাশ রঞ্জন বরুয়ার দাখিল করা আবেদনের ভিত্তিতে গৌহাটী হাইকোর্ট আজ এই নিদেশ দিয়েছে । আবেদনকারী শ্রী বরুয়া ১৯৬৪ সালের বিদেশী ন্যায়াধীকরণ আইনের পরিবর্তে ১৯৫০ সালের বিদেশী অনুপ্রবেশকারী আসাম থেকে বহিস্কার আইনের মাধ্যমে বিদেশী শণাক্তকরণ এবং বিতাড়ন প্রক্রিয়া সম্পন্ন করার অনুরোধ জানিয়েছিলেন ।

---------------------------------------------------------------------------------

আজ বিশ্ব বাঁশ দিবস । পরিবেশ সংরক্ষণ , অর্থনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে বাঁশের গুরুত্ব সম্পর্কে সচেতন করার জন্য প্রতিবছর  ১৮ সেপ্টেম্বর দিনটি বাঁশ দিবস হিসেবে পালন করা হয় । ২০০৯ সালে বিশ্ব বাঁশ সংস্থার অধ্যক্ষ কামেশ সালাম এই দিবস উদযাপনের সিদ্ধান্ত নিয়েছিলেন । এই দিবস উদযাপনের মাধ্যমে গ্রাম্য অর্থনীতির উন্নয়ন , জলবায়ু পরিবর্তন রোধ করা এবং বহনক্ষম উন্নয়নের জন্য নবীকরণযোগ্য সম্পদ হিসেবে বাঁশের ব্যাবহারে গুরুত্ব আরোপ করা হয়েছে । উল্লেখ্য ভারতে থাকা

১২১ টি বাঁশের প্রজাতির মধ্যে ৫১ টি প্রজাতিই আসামে হয় । রাজ্যের ৩১ হাজার হেক্টর জমিতে বাঁশের চাষ করা হয় । সম্প্রতি নুমলীগড় শোধনাগার প্রাঙ্গণে বিশ্বের প্রথম বাঁশভিত্তিক ইথানল প্রকল্প দেশের  প্রধানমন্ত্রী উদ্বোধন করার পর বাণিজ্যিক ক্ষেত্রেও বাঁশের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে । ৫ হাজার কোটি টাকায় স্থাপন করা এই বাঁশভিত্তিক জৈব ইথানল প্রকল্প রাজ্যের ৫০ হাজার বাঁশ চাষীর জীবনে অভূতপূর্ব পরিবর্তন আনবে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্ম আশা প্রকাশ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------------

রাজ্যে যাত্রীর চাহিদা অনুযায়ী স্থানীয় রেল অর্থাৎ লোকাল ট্রেন চালু করা এবং ট্রেনগুলি সুবিধাজনক স্থানে ষ্টপেজ দেওয়ার দাবীতে আজ রাজ্যের বিভিন্ন স্থানে নাগরিক সংগঠন সমুহ মুখ্যমন্ত্রী এবং রেল কর্তৃপক্ষকে স্মারকপত্র প্রদান করে 'রেল কী বাত' কার্যসূচী রূপায়ণ করেছে । আসাম রেল যাত্রী সংস্থার আহ্বানে আজ হাইলাকান্দি সহ লামডিং ,গুয়াহাটী ,বঙ্গাইগাঁও , সরুপেটা , চাপর , ধুবরী ইত্যাদি ষ্টেশনে ভারপ্রাপ্ত রেল আধিকারীক মারফৎ মুখ্যমন্ত্রী ও রেল কর্তৃপক্ষের কাছে স্মারকপত্র প্রেরণ করে ।স্মারকপত্রে আসাম তথা উত্তরপূর্বাঞ্চলে রেল পরিসেবা সম্প্রসারণ করার জন্য কেন্দ্রীয় সরকারের গত কয়েক বছরে ব্যাপক অর্থ মঞ্জুর করার জন্য সন্তোষ প্রকাশ করা সহ রাজ্যে রেলপথ বৈদ্যুতিকরন এবং  দ্বৈতকরণ সম্পূর্ণ হওয়ার পর পর্যাপ্ত লোকেল ট্রেনের সুবিধা প্রদান করা , কোভিডের সময় প্রত্যাহার করা ষ্টপেজগুলো পুনরায় চালু করা , নতুন পথে লোকেল ট্রেন চালু করা ইত্যাদি দাবী জানানো হয় ।

-----------------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে আজ সকালে শিলচর কাঁঠাল বাইপাস সংলগ্ন আতালবস্তীতে বিশেষ অভিযান চালিয়ে ৪০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । পুলিশ সুত্রে জানানো হয়েছে যে জব্দ করা ইয়াবা ট্যাবলেটের বাজার মূল্য প্রায় ১২ কোটী টাকা হবে । পুলিশ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে দিলোয়ার হোসেন লস্কর নামের এক যুবককে আটক করেছে । জব্দ করা ট্যাবলেটগুলি মণিপুরের চূড়াচান্দপুর থেকে আনা হয়েছিল । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

-----------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার কাটিগড়ায় আবারও শিশু-মহিলা সহ মোট সাতজন রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়েছে । আজ সকালে কাটিগড়ার লক্ষীছড়া অঞ্চলে  স্থানীয় লোকেদের হাতে আটক হয় রোহিঙ্গা নাগরিকরা । স্থানীয় লোকেরা রোহিঙ্গা নাগরিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানতে পারেন যে কয়েক বছর পূর্বে তারা বাংলাদেশ থেকে অবৈধভাবে ভারতে প্রবেশ করে হায়দ্রাবাদে বসবাস করছিল । সম্প্রতি ভারত সরকারের বিদেশী

নাগরিকদের বিরুদ্ধে চালানো অভিযানে হায়দ্রাবাদ থেকে পালিয়ে কাটিগড়া এসে পুনরায় বাংলাদেশে প্রবেশের চেষ্টা করছিল বলে জানিয়েছে । পরে স্থানীয় নাগরিকদের পক্ষ থেকে রোহিঙ্গা নাগরিকদের গুমড়া পুলিশের কাছে সমঝে দেওয়া হয় । উল্লেখ্য গত কয়েক মাসে কাছাড় জেলা থেকে প্রায় দেড়শ রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সর্প দংশন বা সাপে কামড়ানোর চিকিৎসা এখন সরকারি হাসপাতালে সম্পূর্ণ বিনামূল্যে পাওয়া যাচ্ছে বলে হাইলাকান্দি এস কে রায় সিভিল হাসপাতালের অধ্যক্ষ ও চিকিৎসকরা জানিয়েছেন । আজ সিভিল হাসপাতালে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে চিকিৎসকরা জনসাধারণকে এই সুবিধা গ্রহণ করার আহ্বান জানান ।

বাইট

---------------------------------------------------------------------------------

সেবা সপ্তাহের অংশ হিসেবে রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । এই কার্যসূচীর সঙ্গে সঙ্গতি রেখে আজ রাজ্যের সবকটি বিধানসভা এলাকায় ১৮ বছরের কম বয়সের ছেলে ও মেয়েদের জন্য বৃহৎ চিকিৎসা শিবির উদ্বোধন করা হয়েছে ।এই শিবিরগুলোতে নাক , কান গলার রোগ সহ চর্মরোগ , মানসিক স্বাস্থ্য সহ বেশ কিছু রোগ শনাক্ত করে ওষুধ বিতরণ করার ব্যবস্থা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে কাছাড় জেলার ধলাই বি এন এম পি হাইস্কুলে আজ স্বাস্থ্য শিবির সহ ১৮ বছর বয়স পর্যন্ত শিশু-কিশোরদের ৫৯টি রোগের বিনামূল্যে পরীক্ষা ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়েছে । আজকের স্বাস্থ্য শিবিরে তিন হাজার পাঁচশ ৭৩টি শিশুর স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে । স্বাস্থ্য শিবিরে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ , বিধায়ক নীহার রঞ্জন দাস , জেলা আয়ুক্ত মৃদুল যাদব , ধলাই সমজেলার আয়ুক্ত রক্তিম বরুয়া প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্ম দিন উপলক্ষ্যে সুস্থ নারী-সুস্থ পরিবার কার্য্যসূচীর অঙ্গ হিসেবে আগামী ২১শে সেপ্টেম্বর, রবিবার শিলচর চৌধুরী আই হসপিটালে শুধুমাত্র মহিলাদের জন্য বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় লক্ষীশহর এফ সি ২-১ গোলে ব্রজপুর একাদশ ক্লাবকে পরাজিত করেছে । স্থানীয় নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলার স্পোর্টিং ইউনিয়ন ও ক্লাব প্যারাডাইস পরস্পরের মূখোমূখি হবে ।

---------------------------------------------------------------------------------